

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 20 April, 2025

চট্টগ্রাম নগরীর বায়েজিদ থানার আতুরার ডিপো এলাকায় সিএনজিচালিত অটোরিকশায় আগুন ধরে দুই নারী গুরুতর দক্ষ হয়েছেন। অটোচালকের ভাষ্য, তার গাড়িতে কয়েকজন ‘পেট্রোল বোমা’ নিক্ষেপ করেছে।

রবিবার (২০ এপ্রিল) ভোর ৪টা ৫৫ মিনিটের দিকে আতুরার ডিপো চামড়া গুদামের সামনে এ ঘটনা ঘটে।

আহত দুই নারী হলেন, রাউজান পৌরসভার ছিটিয়াপাড়া শান্তিনগর এলাকার কবির আহমেদের মেয়ে লায়লা (৫০) এবং জানালী হাট উজির আলী মাঝির বাড়ির বাদশা মিয়ান মেয়ে ঝরনা (৩০)। তারা চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালের ৩৬ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন আছেন।

অটোরিকশা চালক মো. জমির জানান, ভোরে অটোরিকশার যাত্রীরা কুতুবদিয়া মালেক শাহ’র দরবারে যাচ্ছিলেন। আতুরার ডিপো এলাকায় এলে কয়েকজন লোক অতর্কিত পেট্রোলবোমা নিক্ষেপ করে। এতে অটোরিকশায় থাকা ৫ যাত্রীর মধ্যে দুইজন দক্ষ হয়। অটোরিকশার সিলিন্ডারের লাইন টেনে ছিঁড়ে দেওয়ায় বিস্ফোরণের ঘটনা ঘটে। পরে তাদের উদ্ধার করে চমেক হাসপাতালে পাঠানো হয়েছে।

চমেক পুলিশ ফাঁড়ির ইনচার্জ নূরুল আলম আশেক জানিয়েছেন, সিএনজি অটোরিকশার দুই যাত্রীকে ভোরে দক্ষ অবস্থায় হাসপাতালে আনা হয়েছে। তাদেরকে ৩৬ নম্বর বার্ন ইউনিটে ভর্তি

করা হয়েছে। আনয়নকারীরা বলেছেন, তাদের গাড়িতে পেট্রোল নিষ্ক্ষেপ করা হয়েছে।

চট্টগ্রাম পেট্রোল বোমা অটোচালক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:50

URL: <https://timestodaybd.com/across-the-country/1120161009>